

রেজিষ্টার্ড নং ডি এ-



বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

অঙ্গরাজ্য, ডিসেম্বর ১, ১৯৯৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক অন্তর্বালুষ

বিচার শাখা-ও

প্রজাপন

তারিখ, ১২ই অগ্রহায়ণ ১৪০৫ বাঃ/২৬শে নভেম্বর ১৯৯৮ ইং

এস আর ও নং ২৬৫-আইন/৯৮—সরকার ১৪৯৮ সালের ফৌজদারী কার্যবিধি আইন (১৪৯৮
সনের ৩ নং আইন) এর ৯ ধারার বিধানযতে এতদ্বারা—

চট্টগ্রাম মহানগর এলাকার জন্য মহানগর সেশন আদালত প্রতিষ্ঠা করিল, যাহা আগামী ১৭ই
জানুয়ারী, ১৯৯৯ ইং সন হইতে কার্যকর হইবে।

২। চট্টগ্রাম মহানগর সেশন আদালতের কার্যস্থল, পরবর্তীতে ভিমর্প আদেশ না হওয়া
পর্যন্ত, চট্টগ্রাম জেলা জজ আদালত ভবনে তদ্দেশ্যে নির্ধারিত অংশে অবস্থিত হইবে।

৩। চট্টগ্রাম মহানগর আদালত এর স্থানীয় অধিক্ষেত্র হইবে ১৯৭৮ সালের চট্টগ্রাম মহানগর
প্রদলিশ অধ্যাদেশের (১৯৭৮ সালের ৪৮ নং অধ্যাদেশ) এ “মহানগর এলাকার” জন্য প্রদত্ত সংজ্ঞার
অন্তর্ভুক্ত এলাকা, যাহা বর্তমানে (১) কোতোলালী, (২) ডোলমুরি, (৩) পাঁচলাইস, (৪) বন্দর,
(৫) পাহাড়তলী, এবং (৬) চাঁদগাঁও থানার সমন্বয়ে গঠিত।

(৯৫৯)

মুল্য : টাকা ১.০০

৪। চট্টগ্রাম মহানগর সেশন আদালত প্রতিষ্ঠিত ও কার্যকর হওয়ার সাথে সাথে চট্টগ্রাম সেশন ডিভিশনের স্থানীয় অধিক্ষেপ্ত হইতে পূর্ববর্তী দফায় উল্লেখিত এলাকা বিলুপ্ত হইবে এবং ক্ষেপণবে চট্টগ্রাম সেশন ডিভিশনের সেশন আদালতে উক্ত এলাকা হইতে উচ্চত বিচারাধীন ঘাবতীয় কোজুরাই মামলা মহানগর সেশন আদালতে স্থানান্তরিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এ, কে, এম, ইসতিয়াক হাসাইন
উপ-সচিব (পঃ)।